নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814
www.nstu.edu.bd
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২৪৯ ২৬ আগস্ট ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবি উপাচার্যের সঙ্গে তুরস্কের আলানিয়া আলাদিন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রতিনিধিদলের সভা

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর সঙ্গে ইরাসমাস প্লাস প্রোগ্রামের আওতায় তুরস্কের আলানিয়া আলাদিন কেকুবাত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রতিনিধিদলের মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (২৬ আগস্ট ২০২৫) উপাচার্যের কার্যালয়ে অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

সভায় আলানিয়া আলাদিন কেকুবাত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রতিনিধি হিসেবে অংশ নেন এভিয়েশন এন্ড স্পেস সায়েন্স ফ্যাকাল্টির ডিন এবং বায়োসিস্টেম ইঞ্জিনিয়ারিং (ট্রেনিং) বিভাগের অধ্যাপক ড. আতিলগান, বায়োসিস্টেম ইঞ্জিনিয়ারিং (টিচিং) বিভাগের সহযোগী অধ্যাপক ফিরাত আর্সলান এবং ইকোনমিক্স (টিচিং) বিভাগের অধ্যাপক ড. হারুন ইউসাক।

সভায় নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল তুরস্কের প্রতিনিধিদলের সদস্যদের স্বাগত জানান। এসময় উপাচার্য উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষা, গবেষণা, স্টাফ বিনিময়সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। একই সঙ্গে উভয় বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে দ্বিপাক্ষিক সহযোগিতার ওপর গুরুত্বারোপ করেন। এসময় তুরস্কের প্রতিনিধিদলের সদস্যরাও বাংলাদেশে তাদের ভ্রমণের অভিজ্ঞতা তুলে ধরেন এবং নোবিপ্রবি কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

নোবিপ্রবি ইন্টারন্যাশনাল কোলাবোরেশন এন্ড এক্সটার্নাল অ্যাফেয়ার্স (আইসিইএ) অফিস আয়োজিত সভায় অন্যান্যের মাঝে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, নোবিপ্রবি জীব বিজ্ঞান অনুষদের ডিন ও রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর সরকার, ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. জিয়াউল হক, ইন্টারন্যাশনাল কোলাবোরেশান এন্ড এক্সটার্নাল অ্যাফেয়ার্স অফিসের অতিরিক্ত পরিচালক ও ইরাসমাস প্লাস প্রোগ্রামের কো-অর্ডিনেটর অধ্যাপক ড. রোকনুজ্জামান সিদ্দিকী এবং ডেপুটি রেজিস্ট্রার ড. খালেদ মেহেদী হাসানসহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ইরাসমাস প্লাস মোবিলিটি প্রোগ্রামের আওতায় ২৫-২৯ আগস্ট ২০২৫ তুরস্কের বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ওই প্রতিনিধিদল নোবিপ্রবি পরিদর্শনে আসেন। এর অংশ হিসেবে এ সভার আয়োজন করা হয়।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪